# দিনাজপুর বোর্ড-২০১৯

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

**১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) তথ্য-প্রযুক্তি

(খ) একুশের বইমেলা

**২. যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তুমি জামিল, খুলনার অধিবাসী। এসএসসি পরীক্ষার পর অবসর দিনগুলো কীভাবে কাটাবে, তা জানিয়ে তোমার রাজশাহীর বন্ধু রফিককে একখানা পত্র লেখো।

অথবা, (খ) মনে করো, তুমি মারুফ। সড়ক দুর্ঘটনা রোধকল্পে অভিমত জানিয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখো।

**৩. সারাংশ লেখো:** ১০

(ক) কিসে হয় মর্যাদা? দামি কাপড়, গাড়ি-ঘোড়া, না ঠাকুর-দাদার কালের উপাধিতে? না, মর্যাদা এসব জিনিসে নেই। আমি দেখতে চাই তোমার ভিতর, তোমার বাহির, তোমার অন্তর। আমি জানতে চাই, তুমি চরিত্রবান কিনা, তুমি সত্যের উপাসক কিনা। তোমার মাথা দিয়ে কুসুমের গন্ধ বেরোয়, তোমায় দেখলে দাস-দাসী দৌড়ে আসে, প্রজারা তোমায় দেখে সন্ত্রস্ত হয়, তুমি মানুষের ঘাড়ে চড়ে হাওয়া খাও, মানুষকে দিয়ে জুতা খোলাও, তুমি দিনের আলোতে মানুষের টাকা আত্মসাৎ করো। বাপ-মা, শ্বশুর-শাশুড়ি তোমায় আদর করেন, আমি তোমায় অবজ্ঞায় বলব— যাও।

Teachingbd24.com

https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) "বসুমতী, কেন তুমি এতই কৃপণা?
কত খোঁড়াখুঁড়ি করি পাই শস্যকণা।
দিতে যদি হয় দে মা, প্রসন্ন সহাস
কেন এ মাথার ঘাম পায়েতে বহাস?"
শুনিয়া ঈষৎ হাসি কন বসুমতী,
"আমার গৌরব তাতে সামান্যই বাড়ে;
তোমার গৌরব তাহে একেবারেই ছাড়ে।"

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** ১০

(ক) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

(খ) পরের অনিষ্ট চিন্তা করে যেই জন
নিজের অনিষ্ট বীজ করে সে বপন।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** ১০

(ক) মনে করো, তুমি শ্রাবণ। পাবনা জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে সম্প্রতি জঙ্গিবাদ ও সন্ত্রাসবিরোধী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমাবেশের বিবরণ দিয়ে প্রধান শিক্ষকের বরাবরে একটি প্রতিবেদন তৈরি করো।

(খ) মনে করো, তুমি অহনা। একটি জাতীয় পত্রিকার সাংবাদিক হিসেবে 'খাদ্যে ভেজাল ও তার প্রতিকার' সম্বন্ধে একটি সংবাদ প্রতিবেদন তৈরি করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** ২০

(ক) স্বদেশপ্রেম

(খ) মানবকল্যাণে বিজ্ঞান

(গ) পরিবেশদূষণ ও তার প্রতিকার

Teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র
## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. প্রত্যেক ভাষারই কয়টি মৌলিক অংশ থাকে?**
ⓚ দুইটি ⓚ তিনটি
ⓖ চারটি ⓖ পাঁচটি

**২. মহাপ্রাণ ধ্বনির উদাহরণ কোনটি?**
ক) ক, গ খ) খ, ঘ
গ) ক, খ ঘ) গ, ঘ

**৩. সমাসবদ্ধ পদে কোন নিয়ম খাটে না?**
ক) ষত্ব বিধানের খ) ণত্ব বিধানের
গ) সন্ধির ঘ) প্রত্যয়ের

**৪. 'দিগন্ত' শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?**
ক) দিক্ + অন্ত খ) দিগ + অন্ত
গ) দিক + অন্ত ঘ) দিগ্ + অন্ত

**৫. নিত্য স্ত্রীবাচক শব্দের উদাহরণ কোনটি?**
ক) সুলতানা খ) গরিয়সী
গ) সতিন ঘ) ধাত্রী

**৬. কোনটি অব্যয়ের দ্বিরুক্তি?**
ক) বার বার সে কামান গর্জে উঠল
খ) নামিল নভে বাদল ছলছল বেদনায়
গ) চিকচিক করে বালি কোথা নাহি কাদা
ঘ) ডেকে ডেকে হয়রান হয়েছি

**৭. 'তেহাই' বলতে বোঝায়—**
ক) চার ভাগের এক ভাগ
খ) তিন ভাগের এক ভাগ
গ) দুই ভাগের এক ভাগ
ঘ) আট ভাগের এক ভাগ

**৮. সমাস নিষ্পন্ন পদটির নাম কী?**
ক) সমস্ত পদ খ) সমস্যমান পদ
গ) পূর্বপদ ঘ) পরপদ

**৯. বাংলা উপসর্গ মোট কয়টি?**
ক) আঠার খ) উনিশ
গ) বিশ ঘ) একুশ

**১০. ক্রিয়া প্রকৃতির সঙ্গে যে ধ্বনি বা ধ্বনিসমষ্টি যুক্ত হয়, তাকে বলে—**
ক) কৃৎ প্রত্যয় খ) তদ্ধিত প্রত্যয়
গ) কারক ঘ) ধাতু

**১১. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?**
ক) তৈল খ) প্রবীণ
গ) সন্দেশ ঘ) মহাযাত্রা

**১২. চেষ্টা করো, বুঝতে পারবে, বাক্যটিতে কী অর্থে অনুজ্ঞার ব্যবহার হয়েছে?**
ক) আদেশ খ) সম্ভাবনা
গ) বিধান ঘ) অনুরোধ

**১৩. গঠনরীতি ও অর্থের দিক থেকে সাধিত ধাতু কয় শ্রেণিতে বিভক্ত?**
ক) পাঁচ খ) চার
গ) তিন ঘ) দুই

**১৪. 'সাহিত্যিক' শব্দের সঠিক প্রকৃতি ও প্রত্যয় কোনটি?**
ক) সাহিত্য + ষ্ণিক খ) সহিত + ইক
গ) সাহি + ইত্যিক ঘ) সাহিত্য + নিক

**১৫. ভাববাচ্যের কর্তায় কোন বিভক্তি হয়?**
ক) শূন্য খ) তৃতীয়া
গ) চতুর্থী ঘ) ষষ্ঠী
[দ্রষ্টব্য: খ ও ঘ দুটোই সঠিক।]

**১৬. 'পণ্ডিতমূর্খ' শব্দটি কোন বহুব্রীহি সমাস?**
ক) প্রত্যয়ান্ত খ) অলুক
গ) ব্যতিহার ঘ) নিপাতনে সিদ্ধ

https://teachingbd24.com

১৭. 'ধীরে ধীরে বায়ু বয়'— বাক্যটিতে কোন বিশেষণ ব্যবহৃত হয়েছে?
ক) নাম বিশেষণ
খ) ক্রিয়া বিশেষণ
গ) বিশেষণের বিশেষণ
ঘ) বাক্যের বিশেষণ

১৮. 'আদি স্বরাগম'-এর উদাহরণ কোনটি?
ক) রত্ন > রতন
খ) স্কুল > ইস্কুল
গ) সত্য > সত্যি
ঘ) আজি > আইজ

১৯. 'আমরা তাজমহল দর্শন করলাম'— বাক্যটিতে ব্যবহৃত হয়েছে—
ক) যৌগিক ক্রিয়া
খ) মিশ্র ক্রিয়া
গ) প্রযোজক ক্রিয়া
ঘ) নামধাতুর ক্রিয়া

২০. 'আমরা তখন বই পড়ছিলাম'— এখানে ক্রিয়াপদটির কাল হচ্ছে—
ক) পুরাঘটিত অতীত
খ) সাধারণ অতীত
গ) ঘটমান অতীত
ঘ) নিত্যবৃত্ত অতীত

২১. "পরীক্ষায় সফল হও।"— এটা কী ধরনের বাক্য?
ক) বিবৃতিমূলক
খ) অনুরোধমূলক
গ) আদেশসূচক
ঘ) ইচ্ছাসূচক

২২. র, এর, দিগের, দের, গুলির, গণের, গুলোর— কোন বিভক্তির চিহ্ন?
ক) দ্বিতীয়া
খ) তৃতীয়া
গ) চতুর্থী
ঘ) ষষ্ঠী

২৩. 'শরতের পর আসে বসন্ত'। এখানে 'পর' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করছে?
ক) বিরতি
খ) দীর্ঘ বিরতি
গ) অল্প বিরতি
ঘ) নৈকট্য

২৪. ঐকদেশিক আধারাধিকরণের উদাহরণ কোনটি?
ক) তিলে তৈল আছে
খ) রাকিব অঙ্কে কাঁচা
গ) পুকুরে মাছ আছে
ঘ) নদীতে পানি আছে

২৫. সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি— এটি কোন বাক্য?
ক) যৌগিক
খ) সরল
গ) মিশ্র
ঘ) জটিল

২৬. 'উপকারীর উপকার স্বীকার করে যে'— এর সঠিক বাক্য সংকোচন কোনটি?
ক) কৃতঘ্ন
খ) অপকারী
গ) কৃতজ্ঞ
ঘ) উপকারী

২৭. 'অগ্নিপরীক্ষা' বাগধারাটির সঠিক অর্থ কোনটি?
ক) আগুনের পরীক্ষা
খ) সহজ পরীক্ষা
গ) কঠিন পরীক্ষা
ঘ) সঠিক পরীক্ষা

২৮. 'পাবক' শব্দের সমার্থক শব্দ—
ক) আগুন
খ) পানি
গ) পর্বত
ঘ) বাতাস

২৯. কোন যতি চিহ্ন ব্যবহারে ১ বলার দ্বিগুণ সময় লাগে?
ক) কমা (,)
খ) সেমিকোলন (;)
গ) ড্যাস (—)
ঘ) কোলন ড্যাস (:—)

৩০. শিক্ষক বললেন, "তোমরা কি ছুটি চাও?"— পরোক্ষ উক্তিতে হবে—
ক) শিক্ষক বললেন আমরা ছুটি চাই কিনা
খ) আমরা শিক্ষকের কাছে ছুটি চাইলাম
গ) আমাদের ছুটি দরকার আছে
ঘ) আমরা ছুটি চাই কিনা, শিক্ষক তা জিজ্ঞাসা করলেন

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | ঘ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | |
| | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | খ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com